

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

(ثمرة غزوة الخندق) ফলাফল

খন্দক যুদ্ধে ক্ষয়ক্ষতি তেমন না হ'লেও এটি ছিল একটি যুগান্তকারী যুদ্ধ। কেননা আরবদের সম্মিলিত বাহিনীর এই ন্যাক্কারজনক পরাজয়ে মদীনার উঠতি মুসলিম শক্তিকে তারা সমগ্র আরবে এক অদমনীয় ও অপ্রতিরোধ্য শক্তি হিসাবে স্বীকৃতি দিতে বাধ্য হয়। এতবড় বিশাল বাহিনী সংগ্রহ করা বিরোধীদের পক্ষে আর কখনো সম্ভব হয়নি। সেদিকে ইঙ্গিত করেই শক্তদের পলায়নের পর রাসূল (ছাঃ) বলেছিলেন لَا يَنْ فَرُو هُمْ وَلاَ يَغْزُونَنَا نَحْنُ نَسِيْلُ وَهُمْ وَلاَ يَغْزُونَنَا نَحْنُ نَسِيْلُ 'এখন থেকে আমরা ওদের বিরুদ্ধে যুদ্ধ করব, ওরা আমাদের বিরুদ্ধে যুদ্ধ করবে না। আমরাই ওদের দিকে সৈন্য পরিচালনা করব'।[1]

## ফুটনোট

[1]. বুখারী হা/৪১১০; মিশকাত হা/৫৮৭৯ 'ফাযায়েল ও শামায়েল' অধ্যায়-২৯ 'মু'জেযা সমূহ' অনুচ্ছেদ-৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5500

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন